# বার্ষিক প্রতিবেদন-২০২৩-২০২৪

## পটভূমি

মোংলা বন্দর বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম সামুদ্রিক বন্দর। ১৯৫০ সালের ২৯ সেপ্টেম্বর পিডি-৪(৪৮)/৫০/১ সংখ্যক গেজেট নোটিফিকেশন বলে ১ ডিসেম্বর ১৯৫০ খ্রিস্টাব্দে চালনা পোর্ট নামে এ বন্দর প্রতিষ্ঠা লাভ করে।

একই বৎসরে ১১ই ডিসেম্বর তারিখে পশুর নদীর জয়মনিরগোল নামক স্থানে ''দি সিটি অন লিয়নস্'' জাহাজ নোঙ্গারের মাধ্যমে এ বন্দরের পরিচালন কার্যের সূচনা হয়। ১৯৫১ সালের ৭ই মার্চ জয়মনিরগোল থেকে ১৪ মাইল উজানে চালনা নামক স্থানে এ বন্দরের কার্যক্রম স্থানান্তরিত হয় এবং ঐ স্থানে ১৯৫৪ সাল পর্যন্ত কার্যক্রম চলমান থাকে। ১৯৫৪ সালের ২০শে জুনে খুলনা মেট্রোপলিটন শহর হতে ৪২ কিলোমিটার দক্ষিণে পশুর নদীর পূর্ব তীরে মোংলা চ্যানেল ও পশুর নদীর সঙ্গমস্থলে বন্দরটি পুনরায় স্থানান্তরিত হয়। ১৯৭৭ সালের মে মাস পর্যন্ত পোর্ট এ্যাক্ট ১৯০৮ অনুযায়ী এ বন্দর ডাইরেক্টরেট হিসেবে প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়। পরে চালনা পোর্ট অর্ডিন্যান্স নং-৫৩, ১৯৭৬ বলে এ ডাইরেক্টরেটকে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রূপান্তর করে চালনা বন্দর কর্তৃপক্ষ নামকরণ করা হয়। ১৯৮৭ সালের পোর্ট অব চালনা অথরিটি এ্যাক্ট অনুসারে মোংলা পোর্ট অথরিটি নামে প্রতিষ্ঠা লাভ করে। ১৯৮০-৮১ সালে জেটি নির্মাণের মাধ্যমে বন্দরটির শোরবেইজড কার্যক্রম চালু হয়।

## ভিশন

বিশ্বমানের নিরাপদ ও আধুনিক বন্দর ব্যবস্থাপনা

## মিশন

- বন্দরের আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে বিশ্বমানের বন্দরে রূপায়ন;
- চ্যানেলে নাব্যতা বৃদ্ধি ও সংরক্ষণ;
- কার্গো ও কন্টেইনার সংরক্ষণের সুবিধাদি বৃদ্ধি এবং আধুনিক সরঞ্জাম সংগ্রহসহ নিরাপত্তা নিশ্চিতকরণ ।

## সংস্থার প্রধান প্রধান কার্যাবলী

- ফেয়ারওয়ে বয়া হতে মোংলা বন্দরে জাহাজ নিরাপদে আগমন ও নির্গমন কার্যক্রম;
- বয়া ও বাতি স্থাপনের মাধ্যমে চ্যানেলকে জাহাজ চলাচলের উপযোগী রাখা;
- নিয়মিতভাবে মোংলা বন্দরের নৌ-চলাচলের সার্ভে, ড্রেজিং পরবর্তী সার্ভে এবং এতদসংশ্লিষ্ট সার্ভে চার্ট মুদ্রণ ও প্রকাশনার কাজ;
- সমূদ্রগামী ও অভ্যন্তরীণ জাহাজের সাথে যোগাযোগ রক্ষা করা;
- সমুদ্রগামী জাহাজে চাহিদানুযায়ী সুপেয় পানি সরবরাহ;
- নিরাপদে জাহাজ চলাচল নিশ্চিত করার জন্য নেভিগেশনাল চ্যানেলকে সঠিক ও আন্তর্জাতিক রুলস ও রেগুলেশন মোতাবেক বয়া দ্বারা চিহ্নিত করা ও রক্ষণাবেক্ষণ অব্যাহত রাখা;
- নিরাপদ নৌ-চলাচলের জন্য চ্যানেল চিহ্নিত করে জাহাজ চলাচলকারী সংস্থাকে নোটিশ প্রদান করা;
- বৈদেশিক জাহাজকে আগমন, নির্গমন ও স্থানান্তরের জন্য বন্দরের নিজস্ব টাগ ও জলযান দ্বারা সহায়তা প্রদান করা;
- চ্যানেলের প্রয়োজনীয় খনন কার্যে স্থান নির্ধারণ ও তদারকি করা;
- প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় যথাযথ পরিকল্পনা প্রণয়ন, জাহাজের নিরাপত্তা বিধান ও ক্ষয়ক্ষতি নিরুপণ ও উদ্ধার কাজ পরিচালনা করা;
- বন্দরে চলাচলকারী জাহাজ ও জলযানে অগ্নি নির্বাপনসহ উদ্ধার কার্য পরিচালনা করা;
- বন্দর এলাকা ও চ্যানেলে ডুবন্ত জাহাজের অবস্থান চিহ্নিতকরণ এবং রেক উত্তোলনের ব্যবস্থা করা;
- শিপিং এজেন্টদের সঙ্গে জাহাজ আগমন ও নির্গমন ও স্থানান্তর এর বিষয়ে নিয়মিতভাবে আলোচনা ও মত বিনিময়;




সিদ্ধার্থ রায়
সহকারী পরিকল্পনা প্রধান (অর্থনীতি)
আইসি নং-৩১৩৮
মোংলা বন্দর কর্তৃপক্ষ

## জনবল ও সাংগঠনিক কাঠামো

**জনবল**

| অনুমোদিত জনবল | কর্মরত জনবল | শুন্যপদ |
|---|---|---|
| ২৭৯৭ জন | ১১৩৩ জন | ১৬৬৪ জন |

## সাংগঠনিক কাঠামো




## চলমান পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত  কার্যক্রম

১. নিরাপদ চ্যানেল বিনির্মাণ, সমুদ্রগামী জাহাজ সুষ্ঠুভাবে হ্যান্ডলিং এবং দুর্যোগপুর্ণ আবহাওয়ায় জরুরি উদ্ধার কার্য পরিচালনার জন্য ৭৬৭২৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ‘‘মোংলা বন্দরের জন্য সহায়ক জলযান সংগ্রহ” শীর্ষক প্রকল্প বাস্তবায়ন কাজ চলছে। প্রকল্পটি ৯৩৬৫৬.০০ লক্ষ টাকা ব্যয়ে সংশোধন প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে।

২. ইকুইপমেন্টসহ কন্টেইনার টার্মিনাল, হ্যান্ডলিং ইয়াড, ডেলিভারি ইয়ার্ড, সার্ভিস ভেসেল জেটি , মেরিন ওয়ার্কসপ কমপ্লেক্স, মেকানিক্যাল ওয়ার্কশপ কমপ্লেক্স, ওভারপাস, বন্দরের সংরক্ষিত এলাকা ও বন্দর ভবন সম্প্রসারণ এবং ৮টি জলযান সংগ্রহের লক্ষ্যে ৬০১৪৬১.৯০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ‘‘আপগ্রেডেশন অব মোংলা পোর্ট” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের কাজ চলছে।

সিদ্ধার্থ রায়
সহকারী পরিকল্পনা প্রধান (অর্থনীতি)
আইসি নং-৩১৩৮
মোংলা বন্দর কর্তৃপক্ষ

৩. বন্দর এলাকায় আগমণ ও নির্গমণকৃত বিভিন্ন জলযান এবং শিল্পকারখানা হতে সকল ধরনের বর্জ্য সংগ্রহ করে পরিবেশ সম্মত বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা এবং দূর্ঘটনাজনিত কারণে পশুর নদীতে তেল নিঃসৃত হলে তা অপসারণ করার জন্য ৪০১২৪.০০ লক্ষ টাকা প্রাক্কলতি ব্যয়ে ''মোংলা বন্দরে আধুনিক বর্জ্য ও নিঃসৃত তেল অপসারণ ব্যবস্থাপনা'' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের কাজ চলছে। প্রকল্পটি ৫১১৭৯.০০ লক্ষ টাকা ব্যয়ে সংশোধন প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে।





**বর্জ্য সংগ্রহকারী জলযান**



**তেল অপসারণকারী জলযান**

৪. মোংলা বন্দরের জেটি পর্যন্ত ১০ মিটার ড্রাফটের জাহাজ হ্যান্ডলিং এর সুবিধা সৃষ্টির জন্য পশুর চ্যানেলে ৮.৫ মিটার সিডি গভীরতায় ড্রেজিং করার নিমিত্তে ইনার বার এলাকায় ৯৯২২৬.৯৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৩৭.৫৫ লক্ষ ঘনমিটার ড্রেজিং এর জন্য ''পশুর চ্যানেলের ইনার বারে ড্রেজিং'' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন কাজ চলছে। জুন ২০২৪ পর্যন্ত ১০৪ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজ সম্পন্ন হয়েছে।





**চলমান ড্রেজিং কার্যক্রম**

৫. **পিপিপি'র আওতায় মোংলা বন্দরের ২টি অসম্পূর্ণ জেটি নির্মাণঃ** মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধির জন্য ইকুইপমেন্টসহ ২টি অসম্পূর্ণ জেটি নির্মাণ কাজ সম্পন্নের লক্ষ্যে পিপিপি'র আওতায় ১৮০৫০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ''মোংলা বন্দরের ২টি অসম্পূর্ণ জেটি নির্মাণ'' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন কাজ চলছে।



সিদ্ধার্থ রায়
সহকারী পরিকল্পনা প্রধান (অর্থনীতি)
আইসি নং-৩১৩৮
মোংলা বন্দর কর্তৃপক্ষ

**অনুমোদন প্রক্রিয়াধীন প্রকল্পসমূহ:**

- মোংলা বন্দরের সুবিধাদির সম্প্রসারণ ও আধুনিকায়ন (জিটুজি প্রকল্প);
- মোংলা বন্দর চ্যানেলে ৫ বছর মেয়াদী সংরক্ষণ ড্রেজিং প্রকল্প;
- পশুর চ্যানেলে নদী শাসন এর সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প;
- মোংলা বন্দরের জন্য মুরিং বোট সংগ্রহ শীর্ষক প্রকল্প;
- ১টি ৩৫০০ কিউবিক মিটার ট্রেলিং সাকশন হপার ড্রেজার, ২টি ২৮ ইঞ্চি কাটার সাকশন ড্রেজার এবং আনুষঙ্গিক জলযান, যন্ত্রাংশ ও উপকরণসমূহ ক্রয়।

**চলমান প্রকল্পসমূহ সম্পন্ন হলে মোংলা বন্দরের বার্ষিক সক্ষমতার চিত্র:**


- চ্যানেলে ৮.৫ সিডি গভীরতা অর্জিত হবে। এতে ১০ মিটার গভীরতার জাহাজ মোংলা বন্দরে হ্যান্ডেল করা সম্ভব হবে;
- মোংলা বন্দরে বার্ষিক প্রায় ৮ লক্ষ টিইউজ কন্টেইনার, ৪ কোটি মেট্রিক টন কার্গো এবং ৩০ হাজার গাড়ি হ্যান্ডলিং এর সক্ষমতা সৃষ্টি হবে।

## এডিপি বরাদ্দ ও ব্যয় বিবরণী (২০২৩-২০২৪)

**(কোটি টাকায়)**

| বিবরণ | এডিপি বরাদ্দ | ব্যয় | বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার |
|---|---|---|---|
| এডিপি বাজেট (উন্নয়ন) | ৫০০.১২ | ৪৩৪.১১০৫ | ৮৬.৮০% |

## ২০২৩-২৪ অর্থবছরে মোংলা বন্দরের রাজস্ব আয়, ব্যয় ও নীট মুনাফা (কোটি টাকা) (প্রভিশনাল)






সিদ্ধার্থ রায়
সহকারী পরিকল্পনা প্রধান (অর্থনীতি)
আইসি নং-৩১৩৮
মোংলা বন্দর কর্তৃপক্ষ

৯ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় মোংলা বন্দরের  লক্ষ্যমাত্রা:

- **মোংলা বন্দরের চ্যানেলের নাব্যতা ৮.৫ মিটার সিডি সংরক্ষণঃ**
  মোংলা বন্দরের জেটিতে ৯.৫-১০ মিটার ড্রাফটের জাহাজ হ্যান্ডলিং এর জন্য বন্দর চ্যানেলে ৮.৫ মিটার সিডি নাব্যতা বজায় রাখার নিমিত্তে নিয়মিত ড্রেজিং করার জন্য ১টি ট্রেলিং সাকশান হপার ড্রেজার এবং ২টি ২৮'' কাটার সাকশান ড্রেজার সংগ্রহকরণ। পাশাপাশি মোংলা বন্দরের চ্যানেলের পলি জমার প্রবণতা হ্রাস করার জন্য নদী শাসন কার্যক্রম বাস্তবায়ন এবং সংরক্ষণ ড্রেজিং পরিচালন;
- **মোংলা বন্দরে আগামী ২০২৮ সালের মধ্যে কন্টেইনার হ্যান্ডলিং সক্ষমতা ১২ লক্ষ টিইইউজ এ উন্নীতকরণ:**
  মোংলা বন্দরে কন্টেইনার হ্যান্ডলিং সক্ষমতা ১২ লক্ষ টিইইউজ এ উন্নীতকরণের জন্য (i) আপগ্রেডেশন অফ মোংলা পোর্ট (ii) মোংলা বন্দরের সুবিধাদি সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্পের অধীনে আধুনিক সরঞ্জাম ও অন্যান্য সুবিধাদিসহ ৪ টি কন্টেইনার জেটি ও ইয়ার্ড নির্মাণ;
- **মোংলা বন্দরকে পরিবেশ বান্দব বন্দরে রুপান্তর:** মোংলা বন্দরকে পরিবেশ বান্ধব বন্দরে রূপান্তর করার জন্য ''মোংলা বন্দরে আধুনিক বর্জ্য ও নিসৃত তেল অপসারণ ব্যবস্থাপনা'' শীর্ষক প্রকল্প যথাযথ বাস্তবায়ন ও পরিচালন।
- **স্মার্ট বন্দরে রুপান্তর:** ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে মোংলা বন্দরকে আগামী ২০২৮ সালের মধ্যে পরিপূর্ণ অটোমেটেড/স্মার্ট বন্দরে রূপান্তরের লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন করা হবে:
  - Automated Container Handling, Tracking and Yard Management System
  - Terminal Operating System with Integrated Facilities
  - Central Monitoring and Smart Surveillance System
  - Extension and Upgradation of VTMIS
  - Smart and Automated Port Automation and Office Application with Integrated Facilities.
  - Integrated Central Electronic Payment System with Digital Services of MPA.
  - Smart Land Management System of MPA

**মোংলা বন্দর কর্তৃপক্ষের দীর্ঘমেয়াদী পরিকল্পনা (২০২৫ সাল হতে ২০৪০ সাল পর্যন্ত)**

- আধুনিক কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং যন্ত্রপাতি সংগ্রহ;
- জয়মনিরগোলে কার ইয়ার্ড নির্মাণ;
- জয়মনিরগোলে মাল্টি-পারপাস জেটি নির্মাণ;
- আকরাম পয়েন্টে ভাসমান জেটি নির্মাণ  (সমীক্ষায় সুপারিশকৃত হলে);
- হিরণ পয়েন্ট পাইলট স্টেশনের উন্নয়ন ও সম্প্রসারণ এবং জ্যাফর্ড পয়েন্টে  লাইট হাউজ ও ভবন নির্মাণ;
- নদী শাসন কার্যক্রম গ্রহণ;
- যাবতীয় সুবিধাদিসহ হ্যালিপ্যাড ও হ্যাঙ্গার নির্মাণ ও হেলিকপটার ক্রয়;
- সহায়ক জলযান সংগ্রহ ;
- উচ্চক্ষমতা সম্পন্ন উদ্ধারকারী জলযান সংগ্রহ;
- পানি শোধনাগার নির্মাণ (২য় পর্যায়) ;
- জয়মনিরগোলে কন্টেইনার টার্মিনাল নির্মাণ (২য় পর্যায়);
- নেভিগেশনাল এইড সংগ্রহ;
- ভিটিএমআইএস সম্প্রসারণ।

সিদ্ধার্থ রায়
সহকারী পরিকল্পনা প্রধান (অর্থনীতি)
আইসি নং-৩১৩৮
মোংলা বন্দর কর্তৃপক্ষ

## সংস্থার উল্লেখযোগ্য অর্জন (২০২৩-২০২৪ জুন পর্যন্ত)

| কাজের বিবরণ | অর্জন | গত অর্থবছরের তুলনায় বৃদ্ধি |
|---|---|---|
| জাহাজ হ্যান্ডলিং (সংখ্যা) | ৮৪৬ | ২.৩০% |
| কার্গো হ্যান্ডলিং (লক্ষ মেঃটন) | ১০৮.৬৮ | ৯.৭১% |
| কন্টেইনার হ্যান্ডলিং (টিইউজ) | ৩১০৪৪ | ১৬.৭৫% |
| গাড়ি হ্যান্ডলিং (হাজার) | ১৫.৩০ | ১৩.৩৩% |
| রাজস্ব আয় (কোটি টাকা) (প্রভিশনাল) | ৩১৯.০০ | ৫.৪৮% |

## চ্যালেঞ্জ

- ১৪৫ কিঃমিঃ চ্যানেলের নাব্যতা সংরক্ষণ;
- নিরাপদ ও দুষণমুক্ত পরিবেশ বান্ধব চ্যানেল নিশ্চিতকরণ;
- ভবিষ্যৎ চাহিদা পূরণের জন্য বন্দরের সক্ষমতা বৃদ্ধি;
- পুরাতন সহায়ক জলযান প্রতিস্থাপন;
- মেরামত সুবিধা সৃষ্টি ;
- দক্ষ জনবল।

## সম্ভাবনা

মোংলা বন্দর ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে সরকার নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। এর মধ্যে পদ্মা সেতু নির্মাণ, খুলনা-মোংলা পর্যন্ত রেললাইন স্থাপন, খানজাহান আলী বিমান বন্দর নির্মাণ, রামপালে ১৩২০ মেগাওয়াট সক্ষমতার কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ, বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা এবং মোংলা ইপিজেড সম্প্রসারণ ইত্যাদি উল্লেখযোগ্য। পদ্মা সেতুর নির্মাণ কাজ সম্পন্ন হওয়ায় ঢাকা ও ঢাকার আশপাশে আমদানি রপ্তানি পণ্য বিশেষ করে গার্মেন্টস সামগ্রী মোংলা বন্দরের মাধ্যমে পরিবাহিত হওয়ার সহজ সুযোগ সৃষ্টি হয়েছে। ইতোমধ্যে মোংলা বন্দরের মাধ্যমে গার্মেন্টস সামগ্রী পরিবহন শুরু হয়েছে। রামপাল কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য প্রতি বছর কমপক্ষে ৪৫.০০ লক্ষ মেঃ টন কয়লা আমদানী করা হবে। বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন করা হলে নতুন নতুন পণ্য আমদানী-রপ্তানির দ্বার উন্মোচিত হবে এবং মোংলা বন্দরের ব্যবহার বহুগুনে বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

## সংস্থার উদ্ভাবনী উদ্যোগসমূহ

- বর্জ্য ব্যবস্থাপনার জন্য বার্ন হাউজ নির্মাণ ও ডাস্টবিন স্থাপন;
- মহিলাদের জন্য নামাজের ঘর, ওয়াশরুম ও মাতৃদুগ্ধ কেন্দ্র স্থাপন;
- বিভিন্ন দপ্তর/বিভাগে দাপ্তরিক/নাগরিক সহায়তার লক্ষ্যে হেল্প ডেস্ক স্থাপন;
- অনলাইন মামলা ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন;
- ভিটিএমআইএস এর ৪ টি (হিরণপয়েন্ট, হামিদপয়েন্ট, হারবারিয়া ও মোংলা) স্টেশনে রেডিও লিংকের মাধ্যমে সিসি ক্যামেরা সংস্থাপন।

সিদ্ধার্থ রায়
সহকারী পরিকল্পনা প্রধান (অর্থনীতি)
আইসি নং-৩১৩৮
মোংলা বন্দর কর্তৃপক্ষ

**সেবা সহজীকরণ**

- পেনশন প্রক্রিয়া সহজীকরণ;
- কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং যন্ত্রপাতি বরাদ্দ সহজীকরণ;
- mpajobsbd.com অনলাইন জব পোর্টালের মাধ্যমে মবক'র নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকরণ;
- ওয়ান স্টপ ডিজিটাল সার্ভিসের মাধ্যমে বন্দর ব্যবহারকারীদের দ্রুত সেবা প্রদান।

**ডিজিটাল সেবা**

- ডিজিটাল IP-PABX সরবরাহ ও সংস্থাপন;
- পোর্ট অটোমেশন ও অফিস অ্যাপ্লিকেশন ডাটাবেজের মাধ্যমে মবক'র বিদ্যমান ম্যানুয়াল সেবাসমুহ ডিজিটালাইজকরণ;
- ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন;
- বন্দরের সকল ব্যবহারকারীর জন্য অনলাইনে বিল প্রদান ও আলাদা নিজস্ব অ্যাকাউন্ট ড্যাশবোর্ড ব্যবস্থাপনা;
- বিদ্যমান পোর্ট অটোমেশন ও অফিস অ্যাপ্লিকেশন ডাটাবেজের সাথে পেমেন্ট ইন্টারফেস ইন্টিগ্রেশন মডিউল সংযোজনের মাধ্যমে বন্দর ব্যবহারকারীদের সেবা নিশ্চিতকরণ;
- আইপিটি ০৯৬৩৯ ৪৪৪ ১১১ হটলাইন নাম্বার চালুকরণের মাধ্যমে ব্যবহারকারিদের তাৎক্ষণিক সহায়তা প্রদান;
- অ্যাপ্লিকেশন ডাটাবেজ সার্ভারের সুরক্ষা নিশ্চিতে টেকসই ফায়ারওয়াল সংযোজন।

## সুনীল অর্থনীতি সংক্রান্ত পরিকল্পনা:

| ক্র:নং | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|
| **সমাপ্ত প্রকল্প:** | | মোংলা বন্দর কর্তৃপক্ষ |
| ১। | পশুর চ্যানেলের রামপাল পর্যন্ত ড্রেজিংকরণ | |
| ২। | রুজভেল্ট জেটির অবকাঠামো উন্নয়ন | |
| ৩। | ভেসেল ট্রাফিক ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সিস্টেম (ভিটিএমআইএস) প্রবর্তন (২য় সংশোধিত) | |
| ৪। | মোংলা বন্দর চ্যানেলের আউটার বারে ড্রেজিং (১ম সংশোধিত) | |
| ৫। | মোংলা বন্দরের জন্য টাগবোট সংগ্রহ | |
| ৬। | মোংলা বন্দরের জন্য মোবাইল হারবার ক্রেন সংগ্রহ | |
| ৭। | মোংলা বন্দরের হারবার চ্যানেলের ফুড সাইলো এলাকায় ড্রেজিং | |
| ৮। | মোংলা বন্দরের জন্য অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি/সরঞ্জাম (১ম সংশোধিত) | |
| ৯। | সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন (১ম সংশোধিত) | |
| **চলমান প্রকল্পসমূহ:** | | |
| ১০। | মোংলা বন্দরের আধুনিক বর্জ্য ও নিসৃত তেল অপসারণ ব্যবস্থাপনা | |
| ১১। | আপগ্রেডেশন অব মোংলা পোর্ট | |
| ১২। | মোংলা বন্দরের জন্য সহায়ক জলযান সংগ্রহ | |
| ১৩। | মোংলা বন্দর চ্যানেলের ইনার বারে ড্রেজিং | |
| ১৪। | মোংলা বন্দরের ২টি অসম্পূর্ণ জেটি নির্মাণ (পিপিপি এর মাধ্যমে) | |

সিদ্ধার্থ রায়
সহকারী পরিকল্পনা প্রধান (অর্থনীতি)
আইসি নং-৩১৩৮
মোংলা বন্দর কর্তৃপক্ষ

| ক্র:নং | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|
| **ভবিষ্যৎ প্রকল্প:** | | |
| ১৫। | মোংলা বন্দরের সুবিধাদির সম্প্রসারণ ও আধুনিকায়ন (অনুমোদন প্রক্রিয়াধীন) | |
| ১৬। | মোংলা বন্দরের পশুর চ্যানেলে সংরক্ষণ ড্রেজিং (অনুমোদন প্রক্রিয়াধীন) | |
| ১৭। | ১টি ৩৫০০ কিউবিক মিটার ক্ষমতা সম্পন্ন ট্রেলিং সাকশন হপার ড্রেজার, ২টি ২৮ ইঞ্চি কাটার সাকশন ড্রেজার এবং আনুষঙ্গিক জলযান, যন্ত্রাংশ ও উপকরণসমূহ ক্রয় (অনুমোদন প্রক্রিয়াধীন) | |
| ১৮। | রুজভেল্ট জেটির সংস্কার, সম্প্রসারণ ও আধুনিকায়ন | |
| ১৯। | সরকারী অর্থায়নে ২ টি কন্টেইনার জেটি নির্মাণ | |
| ২০। | জয়মনিরগোলে মাল্টিপারপাস জেটি নির্মাণ | |
| ২১। | আকরাম পয়েন্টে ভাসমান জেটি নির্মাণ | |
| ২২। | হিরণ পয়েন্ট পাইলট স্টেশনের উন্নয়ন ও সম্প্রসারণ এবং জ্যাফর্ড পয়েন্টে লাইট হাউজ এ্যাটেনডেন্টের জন্য ভবন | |
| ২৩। | নদী শাসন কার্যক্রম গ্রহণ (সমীক্ষার সুপারিশের ভিত্তিতে প্রকল্পটি গ্রহণ করা হবে। | মোংলা বন্দর কর্তৃপক্ষ |
| ২৪। | উন্নত ও আধুনিক লাইট টাওয়ার নির্মাণ | |
| ২৫। | সহায়ক জলযান সংগ্রহ (২য় ও ৩য় পর্যায়) | |
| ২৬। | উচ্চক্ষমতা সম্পন্ন উদ্ধারকারী জলযান সংগ্রহ | |
| ২৭। | কার ক্যারিয়ার সংগ্রহ | |
| ২৮। | জয়মনিরগোলে কন্টেইনার টার্মিনাল নির্মাণ (১ম ও ২য় পর্যায়) | |
| ২৯। | ভিটিএমআইএস সম্প্রসারণ | |
| ৩০। | আধুনিক কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং যন্ত্রপাতি সংগ্রহ | |
| ৩১। | জয়মনিরগোলে কার ইয়ার্ড নির্মাণ | |
| ৩২। | জয়মনিরগোলে কয়লা, LNG হ্যান্ডলিং জেটি নির্মাণ এবং আকরাম পয়েন্ট ও হারবারিয়ায় ভাসমান জেটি নির্মাণ | |

## ডেল্টা প্ল্যান-২১০০:

| Sl. | Organization | Project Title | Duration | Estimated Cost (in crore) |
|---|---|---|---|---|
| i) | Mongla Port Authority | Dredging at the Inner Bar of Mongla Port Channel | July 2019 to June 2026 | 992.2699 |
| ii) | | Maintenance Dredging at Pussur Channel | Jan. 2025 to June 2030 | 1539.19 |
| iii) | | Procurement of 1no. 3500 cubic meter trailing suction hopper dredger, 2 nos. 28" cutter suction dredgers and ancillary vessels, spare parts | 2024-25 to 2027-28 | 1399.54 |
| iv) | | Establishment of Modern Waste and Spilled oil Management at Mongla Port | Jan. 2019 to June 2025 | 511.39 |

--------------------

সিদ্ধার্থ রায়
সহকারী পরিকল্পনা প্রধান (অর্থনীতি)
আইসি নং-৩১৩৮
মোংলা বন্দর কর্তৃপক্ষ